

চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর/
প্রধান নির্বাহী আধিকারিক
সমস্ত ব্যাঙ্কসমূহ

মহাশয়া/ মহাশয়

অবৈধ নোট সনাক্তকরণ

অনুগ্রহ করে “অবৈধ নোট সনাক্ত করা এবং রিপোর্ট করা”(“ডিটেকশন অ্যান্ড রিপোর্টিং অফ কাউন্টারফিট নোটস”)সংক্রান্ত আমাদের জুন 27, 2013 তারিখাঙ্কিত সার্কুলার ডিসিএম(এফএনভিডি) নং.5840/16.01.05/2012-13 দেখুন। সরকারের সঙ্গে মন্ত্রণাপূর্বক অবৈধ নোট সনাক্তকরণের কার্যপ্রণালীর পুনর্বিবেচনা করা হয়েছে এবং পরিলক্ষিত হয়েছে যে অবৈধ নোট সম্পর্কে রিপোর্ট করার পদ্ধতিতে উন্নতিসাধন করতে এবং ব্যাঙ্ক কতৃক রেকর্ড রক্ষণাবেক্ষণ কার্যে সহায়তা করতে কিছু সংশোধন আনা প্রয়োজন। তদনুসারে, নির্দেশিকাসমূহে অভিপ্রেত পরিবর্তনগুলি নিম্নে প্রদত্ত হল:

2. সনাক্তকরণ

i. কাউন্টার মারফত (ওভার দ্য কাউন্টার)

যন্ত্রনির্ভর পরীক্ষার মাধ্যমে কাউন্টারে পেশ করা ব্যাঙ্কনোটগুলির বৈধতা যাচাই করতে হবে এবং এর মধ্যে যেগুলিকে অবৈধ বলে নিশ্চিত করা হবে, সেগুলিতে "COUNTERFEIT NOTE" বলে শিলমোহর(স্ট্যাম্প) লাগাতে হবে এবং অ্যানেক্স I -এ যেভাবে বিবৃত আছে সেভাবে বাজেয়াপ্ত করতে হবে। এরকম প্রত্যেকটি বাজেয়াপ্ত নোটকে একটি পৃথক রেজিস্টারে সপ্রমাণিতরূপে(আন্ডার অথেন্টিকেশন)রেকর্ড করতে হবে।

ii. ব্যাঙ্ক অফিস/কারেন্সি চেস্ট-এ বৃহৎ পরিমাণে জমার (বান্ধ রিসিস্ট) সময়

সরাসরি ব্যাঙ্ক অফিস/কারেন্সি চেস্ট-এ বৃহৎ পরিমাণে পেশ করা নোট গ্রহণের ক্ষেত্রে 2 (i) -এ বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করতে হবে।

3. যখন ব্যাঙ্ক-শাখার কাউন্টার অথবা ট্রেজারি-তে পেশ করা একটি ব্যাঙ্কনোট অবৈধ বলে চিহ্নিত হবে, নোটটিতে অনুচ্ছেদ 2 সূত্রে প্রাপ্ত পদ্ধতি অনুসারে শিলমোহর লাগিয়ে পেশকারী ব্যক্তির নামে ফর্ম্যাট (অ্যানেক্স II) অনুসারে একটি প্রাপ্তিস্বীকার রশিদ জারি করতে হবে। রশিদটি, যেটি পরপর ক্রমিক সংখ্যা অনুসারে আসবে, সেটি ক্যাশিয়ার এবং পেশকারী কতৃক খাঁটি বলে প্রমানীকৃত(অথেন্টিকেটেড) করতে হবে। জনগণের অবগতি-র জন্য কার্যালয়সমূহ/শাখাসমূহে সুপ্রদর্শিতভাবে এইমত বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। সেইসবক্ষেত্রেও রশিদটি জারি করতে হবে যখন পেশকারী প্রতিস্বাক্ষর(কাউন্টারসাইন)করতে অসম্মত থাকবে।

4. অবৈধ নোটগুলি, যদি কাউন্টার মারফত অথবা ব্যাঙ্ক অফিস/কারেন্সি চেস্ট-এ গৃহিত টেন্ডারের মধ্যে থাকে, তবে সেগুলির ভিত্তিতে কোনও রাশি গ্রাহকের আমানতে জমা পড়বে না।

5. ব্যাঙ্কে অবৈধ নোট সনাক্তকরণ-এর সংশোধিত পদ্ধতি খেয়াল রেখে, অবৈধ নোটের অ-সনাক্তকরণ (নন-ডিটেকশন)-বিষয়ে জন্য ধার্য ক্ষতিপূরণ এবং জরিমানা সম্পর্কে উপস্থিত বিধিসমূহের নিম্নলিখিত পরিবর্তনসমূহ উল্লেখনীয়:

5.i. ক্ষতিপূরণ

ব্যাঙ্ক-কে, চিহ্নিত এবং সূচিত অবৈধ নোটের আনুমানিক মূল্যের (নোশনাল ভ্যালু) 25% ক্ষতিপূরণপ্রদান এবং ব্যাঙ্কের ফোর্জড নোট ভিজিটেশ সেল-এর মাধ্যমে ক্ষতিপূরণের দাবি দাখিল করার পদ্ধতি-সম্পর্কিত নির্দেশিকা প্রত্যাহার করা হল।

5.ii. জরিমানা

অবৈধ নোটসমূহের আনুমানিক মূল্যের 100% জরিমানা, তার সাথে ঐ নোটসমূহের আনুমানিক মূল্যের সমমূল্যের উপর যতটা লোকসান বার হবে তা যুক্ত করে, নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে আরোপ করা হবে।

- যখন ব্যাঙ্কের ময়লা নোট স্থানান্তরণ কার্যে (সমেলড নোট রেমিটেন্স) অবৈধ নোট চিহ্নিত হবে।
- যদি আরবিআই কর্তৃক অডিট/নিরীক্ষণ-কার্যের (ইম্পেকশন) সময় ব্যাঙ্কের কারেন্সি চেস্ট ব্যালাঞ্চে অবৈধ নোট চিহ্নিত হয়।

6. কাউন্টার মারফত নোট নির্গম করার আগে পরীক্ষা করা, এটিএম-এ টপ আপ করা, পুলিশ এবং অন্যান্য কর্তৃপক্ষ-কে সূচিত করা, সনাক্তকরণে সক্ষমতা অর্জনের জন্য পরিকাঠামো ইত্যাদি তথা কর্তৃপক্ষগণের সঙ্গে যোগাযোগ-রক্ষা সম্পর্কিত অপর সকল নির্দেশিকাসমূহ অপরিবর্তিত রইল।

7. নির্দেশিকাগুলি অবিলম্বে কার্যকরী হল।

আপনাদিগের বিশ্বস্ত,
(উমা শঙ্কর)

প্রধান মূখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নক: যেমন উপরে উল্লেখিত রয়েছে

অ্যানেক্স ।

বাজেয়াপ্ত করে শিলমোহর লাগানোর ফর্মা

নিম্নলিখিত লেখ-টি সহ সম আকারের 5 সেমি x 5 সেমি মাপের শিলমোহর ব্যবহার করতে হবে।

COUNTERFEIT BANKNOTE IMPOUNDED

COUNTERFEIT BANKNOTE IMPOUNDED

BANK / TREASURY/ SUB-TREASURY

BRANCH

SIGNATURE

DATE

অবৈধ নোট পেশকারী ব্যক্তিকে জারির উদ্দেশ্যে প্রাপ্তিস্বীকার রশিদ-এর ফর্মা

ব্যাক্স/ ড্রেজারি/ সাব-ড্রেজারি-র নাম

ঠিকানা

রশিদের ক্রমিক সংখ্যা

তারিখ

.....(পেশকারী ব্যক্তির নাম এবং ঠিকানা)-র থেকে প্রাপ্ত নিম্নে বিবৃত নোট(সমূহ)অবৈধ এবং তজ্জনিত কারণে তদনুসারে তা বাজেয়াপ্ত এবং স্ট্যাম্পড হল।

অবৈধ বলে বিবেচিত নোটের সিরিয়াল নম্বর	মূল্যমাণ	কোন মাপকাঠি-তে নোট-টি অবৈধ বলে বিবেচিত হল

অবৈধ নোটসমূহের সর্বমোট সংখ্যা

(পেশকারী-র স্বাক্ষর)

(কাউন্টার স্টাফ-এর স্বাক্ষর)